# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 26 June, 2025

সারা দেশের মতো বাগেরহাটেও শান্তিপূর্ণভাবে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে বৃহস্পতিবার (২৬ জুন) সকাল ১০টায় জেলার ৯টি উপজেলার ৪১টি কেন্দ্রে পরীক্ষা হচ্ছে।

এবার পরীক্ষায় বসছেন ১২ হাজার ৭৬৯ জন পরীক্ষার্থী।এর মধ্যে কারিগরি বিভাগে অংশ নিচ্ছেন ২ হাজার ৬৩৫ জন, আলিম বিভাগে ১ হাজার ৩৬৪ জন এবং কলেজ পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে অংশ নিচ্ছেন ৮ হাজার ৭৭০ জন শিক্ষার্থী।

পরীক্ষা কেন্দ্রগুলোতে নেয়া হয়েছে স্বাস্থ্যবিধিসহ নানা সতর্কতা।মাস্ক পরা বাধ্যতামূলক করা হয়েছে।প্রতিটি কেন্দ্রে হ্যান্ড স্যানিটাইজার ও পরিচ্ছন্নতার ব্যবস্থা রাখা হয়েছে।করোনাভাইরাস প্রতিরোধে উপজেলা শিক্ষা অফিস থেকে আলাদা করে লিখিত নির্দেশনা দেওয়া হয়েছে।সুষ্ঠু ও নকলমুক্ত পরীক্ষা নিশ্চিত করতে উচ্চ পর্যায়ের ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে, যারা কেন্দ্র পরিদর্শন ও তদারকির কাজ করবে।

পরীক্ষার্থী মতিয়ার রহমান  বলেন, ভয় তো একটু আছে, তবুও ভালোভাবে প্রস্তুতি নিয়েছি। ইনশাল্লাহ ভালো কিছু হবে।

পরীক্ষার্থী ফারজানা আক্তার বলেন, এইচএসসি মানে শুধু একটা পরীক্ষা না, এটা আমাদের ভবিষ্যতের দিকনির্দেশনা।বাবা-মা'র স্বপ্ন, নিজের স্বপ্ন সব মিলিয়ে আজকের দিন অনেক গুরুত্বপূর্ণ।সকাল থেকেই নার্ভাস লাগছিল।

পরীক্ষার্থী ফারজানা আক্তার বলেন, সারা বছরের কষ্টের ফলাফল নির্ভর করছে এই পরীক্ষার উপর।আল্লাহর কাছে দোয়া চাই, যেন ভালো করতে পারি।

এদিকে করোনা সংক্রমনের ঝুকি থাকায় বাগেরহাটের বিভিন্ন কেন্দ্রে মাস্ক বিতরণ করেছে জেলা ছাত্রদল।খানজাহান আলী কলেজ কেন্দ্রে শিক্ষার্থী ও অভিভাবকরা মাস্ক বিতরণ করেন জেলা বিএনপি নেতা খান মনিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি শাহেদ আলী রবি, গ্লোবাল এডুকেশন ইনস্টিটিউটের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ মানফুজুর রহমান, জেলা ছাত্রদল নেতা আতিকুর রহমান রাসেল, ইমরান মির্জা, মিরাজ হোসেন, আদনান আরিয়ান, বেলাল, সিহাব, জীম, আয়শা, রিফাত, তনুসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

জেলা শিক্ষা অফিসার এস.এম. ছায়েদুর রহমান বলেন,শিক্ষার্থীদের সুন্দর ও নিরাপদ পরিবেশে পরীক্ষা দেওয়ার জন্য সব প্রস্তুতি নেওয়া হয়েছে।কেন্দ্রগুলোতে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে।

এইচএসসি করোনাভাইরাস বাগেরহাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 19:18

URL: https://timestodaybd.com/across-the-country/7758073720